দৈনিক সংবাদ

তারিখ 22 NOV 1986
পৃষ্ঠা ... ১ কলাম ... ৫

15

# সার্ক সচিবালয় জানুয়ারীতে কাজ শুরু করবে

কাঠমণ্ডু, ২১শে নভেম্বর (জিনহুয়া)।–নেপালী পররাষ্ট্রমন্ত্রী শৈলেন্দ্র কুমার উপাধ্যায় দ্বিতীয় দক্ষিণ এশীয় শীর্ষ বৈঠককে সার্কের লক্ষ্য অর্জনের অগ্রযাত্রায় একটি ঐতিহাসিক মাইল ফলক বলে বর্ণনা করেন। নেপালের জাতীয় বার্তা সংস্থা গতকাল এ খবর জানায়।

ভারতের বাঙ্গালোরে সদ্য-সমাপ্ত দু'দিনব্যাপী শীর্ষ বৈঠকের ওপর এক বিবৃতিতে তিনি দক্ষিণ এশিয়ায় শান্তি, স্থিতিশীলতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন।

তিনি বলেন, সার্ক সচিবালয় নেপালভিত্তিক হবে এবং আগামী বছর ১৬ই জানুয়ারী থেকে সচিবালয়ের কাজ শুরু হবে। অক্ষরের ক্রম অনুসারে প্রতিটি সদস্য দেশ থেকে দু' বছরের মেয়াদে একজন মহাসচিব নিযুক্ত করা হবে। প্রাথমিক পর্যায়ে সচিবালয়ে ৪ জন পরিচালক থাকবেন এবং এদের একজন নেপাল থেকে নিযুক্ত হবেন বলে তিনি জানান।